

রপ্তানি প্রক্রিয়াকরণ
এলাকার অভ্যন্তরে অবস্থিত
“কমিশারিয়েট” কি ? কি উদ্দেশ্যে
স্থাপিত ? এর বিপন্নন প্রক্রিয়া কি ?

রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকার (ইপিজেডের) অভ্যন্তরে অবস্থিত “কমিশারিয়েট” হচ্ছে সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষ হতে লাইসেন্স প্রাপ্ত কোন বন্ডেড ওয়্যার হাউস যা লাইসেন্সের আওতায় আমদানিকৃত খাদ্যদ্রব্য, সিগারেট, লিকার ও পানীয় দ্রব্য ইপিজেডের ভিতরে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানগুলোর বিদেশী বিনিয়োগকারী ও তাদের বিদেশী কর্মকর্তা/ কারিগরদের নিকট বিক্রয় করে থাকে। বিদেশী বিনিয়োগকারীদের

বিশেষ সুবিধা প্রদানের লক্ষ্যে আলোচ্য বেপজা কমিশারিয়েট এর সৃষ্টি। সরকার বিশেষ বিবেচনায় বিভিন্ন সময়ে বেপজা কমিশারিয়েট এ পণ্য বিক্রয়ের উপর কাস্টমস ডিউটি, মূল্য সংযোজনকর, অগ্রীম আয়কর, অবকাঠামো উন্নয়ন সারচার্জ ও অন্যান্য প্রযোজ্য শুল্ক-করাদির ক্ষেত্রে হ্রাসকৃত হার ধার্য করে থাকে।